# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মহিলার সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ভ্রূ ও তার সৌন্দর্য

ভ্রূর রূপ হল প্রকৃতিগত। তাতে আল্লাহর দেওয়া রূপ মানুষের জন্য যথেষ্ট। সুতরাং তা চেঁছে সরু চাঁদের মত করে সৌন্দর্য আনয়ন বৈধ নয়। স্বামী চাইলেও নয়। যেহেতু ভ্রূ ছেঁড়া বা চাঁছাতে আল্লাহর সৃষ্টিতে পরিবর্তন করা হয়; যাতে তাঁর অনুমতি নেই। তাছাড়া রসূল (ﷺ) এমন মেয়েদেরকেও অভিশাপ করেছেন।[1] অনুরূপ কপাল চেঁছেও সৌন্দর্য আনা অবৈধ।[2]

অনুরূপভাবে ভ্রূর লোমকে অথবা চামড়াকে কোন রঙ বা কেমিক্যাল দিয়ে রঙিয়ে রূপসী সাজাও বৈধ নয়।

ফুটনোট

[1]. সহীহুল জা’মে হা/৫১০৪, ফাতাওয়াউল মারআহ ৭২,৯৪পৃ.

[2]. সিলসিলাহ সহীহাহ ৬/৬৯২

Source — https://www.hadithbd.com/books/link/?id=7876

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন